



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd



জরুরি

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৭২.৯৯.০০৪.২১.১০৮

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৮

০৯ সেপ্টেম্বর ২০২১

বিষয়: কমিশন আয়োজিত চতুর্থ শিল্প বিপ্লব বিষয়ক আন্তর্জাতিক সম্মেলনের ‘মুজিব শতবর্ষ আইডিয়া প্রতিযোগিতা ২০২১’ (Mujib 100 Idea Contest 2021)-এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের অংশগ্রহণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনি অবগত আছেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও মুজিববর্ষ উপলক্ষ্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগামী ১০-১১ ডিসেম্বর ২০২১ তারিখে চতুর্থ শিল্প বিপ্লব বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন-**“International Conference on 4th Industrial Revolution and Beyond (IC4IR 2021)”** আয়োজন করতে যাচ্ছে। উক্ত সম্মেলনের মাধ্যমে দেশের উচ্চশিক্ষা, গবেষণা, শিল্প ও প্রযুক্তি ক্ষেত্রে ৪র্থ শিল্প বিপ্লব ও তদপর্বর্তী বিশ্ব প্রেক্ষাপট উপযোগী সুপারিশমালা গৃহীত হবে।

এ সম্মেলনের সাথে আয়োজিত হতে যাচ্ছে উদ্ভাবনী ধারণা নিয়ে ‘মুজিব শতবর্ষ আইডিয়া প্রতিযোগিতা ২০২১’ (Mujib 100 Idea Contest 2021)-যেখানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও গবেষকগণ অংশগ্রহণ করতে পারবে। আগ্রহী প্রতিযোগিগণ <https://www.bn.ic4irb.org/mujib100ideas/> ওয়েবসাইটে গিয়ে আগামী ২৫ সেপ্টেম্বর, ২০২১ তারিখের মধ্যে নির্ধারিত ফরমেটে তাদের আইডিয়া প্রদান করতে পারবে।

উল্লেখ্য যে, এ প্রতিযোগিতায় মোট ১০টি ক্ষেত্রে (শিক্ষা, কর্মসংস্থান, ব্যাংকিং ও আর্থিক, ই-গভর্নেন্স, পরিবেশ, কৃষি, স্বাস্থ্যসেবা, রিটেইল ও ই-কমার্স, পরিবহন ও পর্যটন এবং স্মার্ট শহর ও গ্রাম) সমস্যা চিহ্নিত করে তার সমাধানে উদ্ভাবনী ধারণা ভবিষ্যৎ ন্যূনতম টেকসই পণ্য (MVP) PR/FAQ ফরমেটে প্রদান করতে হবে। এই প্রতিযোগিতার মোট প্রাইজমানি ১ কোটি ২০ লক্ষ টাকা - যেখানে চূড়ান্তভাবে মনোনীত ১০০ টি আইডিয়ার মধ্য থেকে ১০টি আইডিয়া বাংলাদেশ আইসিটি মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে ইনকুবেশন করে স্টার্ট-আপ প্রতিষ্ঠা করতে সহায়তা করা হবে।

এ সম্পর্কিত যে কোন যোগাযোগ করার জন্য mujib100ideas@ugc.gov.bd ই-মেইল অথবা <https://www.bn.ic4irb.org/mujib100ideas/> ওয়েবসাইটে এবং ফেইসবুক আপডেটের জন্য <https://www.facebook.com/mujib100ideas/>-এ সংযুক্ত হতে অনুরোধ করা হচ্ছে।

এই পত্র ও সংযুক্ত পোস্টার নোটিশ আকারে আপনার বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ ও ইনস্টিটিউটের শিক্ষক, শিক্ষার্থী ও গবেষকগণের মাঝে সহজ প্রদর্শন ও প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ পোস্টার-মুজিব শতবর্ষ আইডিয়া প্রতিযোগিতা

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,



৯-৯-২০২১

বিষ্ণু মল্লিক

উপ-পরিচালক, এসপি কিউএ বিভাগ ও জয়েন্ট
সেক্রেটারি, অর্গানাইজিং কমিটি

ফোন: ০২-৫৮১৬০২৪১

ইমেইল:

bishnu_mallick@yahoo.com

বিতরণ :

- ১) উপাচার্য, সকল পাবলিক বিশ্ববিদ্যালয়
- ২) উপাচার্য, সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়
- ৩) রেজিস্ট্রার, সকল পাবলিক বিশ্ববিদ্যালয়
- ৪) রেজিস্ট্রার, সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৭২.৯৯.০০৪.২১.১০৮/১(৭)

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৮

০৯ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমে নয়):

- ১) পরিচালক, বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (বিশ্ববিদ্যালয়সমূহকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধক্রমে)
- ২) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (বিশ্ববিদ্যালয়সমূহকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধক্রমে)
- ৩) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (কমিশনের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধক্রমে)
- ৪) ড. শামীম আল মামুন, সহযোগী অধ্যাপক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
- ৫) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ৬) সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও) , সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন



৯-৯-২০২১

বিষ্ণু মল্লিক

উপ-পরিচালক ও জয়েন্ট সেক্রেটারি,
অর্গানাইজিং কমিটি

SA/DD-1

14/9/21

Tahmina Rahman
14/9/21
ACP